



## ক্যাটারিং-এ অগ্রাধিকারপ্রাপ্ত রক্ষণাবেক্ষণ

ক্যাটারিং ইনফরমেশন শিট নং- 12

### ভূমিকা

ক্যাটারিং ইন্ডাস্ট্রিতে নিম্নমানের রক্ষণাবেক্ষণ দুর্ঘটনার অন্যতম প্রধান কারণ। এই দুর্ঘটনাগুলোর মধ্যে রক্ষণাবেক্ষণ ও পরিষ্কার —পরিচ্ছন্নতার কাজের সময় ঘটে থাকে একমুখি বা অন্যভাবে রক্ষণাবেক্ষণের ফলে। কোন কোন ক্ষেত্রে একমাত্র যে কোন রক্ষণাবেক্ষণ কাজে অবহেলার জন্য ঘটে থাকে।

এই সকল দুর্ঘটনা আর্থিকভাবে যেমন তেমনি ব্যথা ও কষ্টের দিক থেকে খুব বেশী বহুল হতে পারে। অধিকাংশ দুর্ঘটনা যন্ত্রপাতির নিম্নমানের রক্ষণাবেক্ষণের ফলে হয়ে থাকে, কিন্তু বিল্ডিং —এর কাঠামোগত রক্ষণাবেক্ষণের কারণেও হয়ে থাকে।

যোগ্য স্টাফ দ্বারা রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতির ভাল এবং নির্ভরযোগ্য পারফর্ম নিশ্চিত করে এবং দুর্ঘটনা প্রতিরোধে সাহায্য করে। রক্ষণাবেক্ষণ কাজ অবশ্যই নিরাপদে সম্পাদন করতে হবে।

এই ইনফরমেশন শিটের লক্ষ্য হলো যারা ক্যাটারিং ব্যবসার জায়গা এবং যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণের ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত; তাদের জন্য এতে দুর্ঘটনার অভিজ্ঞতার আলোকে প্রধান এলাকাগুলো তুলে ধরা হয়েছে।

### দুর্ঘটনা

ক্যাটারিং ইন্ডাস্ট্রিতে নিম্নমানের রক্ষণাবেক্ষণের কারণে মূলতঃ পাঁচ ধরনের দুর্ঘটনা ঘটে থাকেঃ  
পিছলে পড়া;

- ◆ গরম বা ক্ষতিকারক বস্তু উপছে পড়া;
- ◆ ইলেকট্রিক্যাল আঘাত;
- ◆ আগুন এবং বিস্ফোরণ; এবং
- ◆ মেশিনারী দুর্ঘটনা।

কিভাবে এ ধরনের দুর্ঘটনাগুলো প্রতিরোধ করবেন সে সম্পর্কে গাইডেন্সের জন্য টেবিল 1 দেখুন।

### টেবিল 1 দুর্ঘটনা প্রতিরোধ

দুর্ঘটনা ক্যাটাগরি	সংশ্লিষ্ট কারণ	প্রতিরোধ
পিছলে পড়া	অধিকাংশ পিছলে পড়ার ঘটনা ছিদ্রপথে নির্গত তরল পদার্থ এবং ছিটকে পড়া তরল পদার্থ পরিষ্কার না করা, নিরাপদহীন ভেজা পরিষ্কার পদ্ধতি ও পরিষ্কার করার পর মেঝে না শুকানো।	দুর্ঘটনা প্রতিরোধের জন্য ছিদ্রওয়ালা যন্ত্রপাতির ত্রুটি মেরামত, বহন করার সময় তরল পদার্থের কন্টেনারের লিড ব্যবহার, ছিটকে পড়া তরল পদার্থ অতিসত্বর পরিষ্কার করা, পরিষ্কার করার পরপরই মেঝে শুকানো এবং নষ্ট জায়গা সংস্কার। যখন কোন পিছলে জায়গা ঘিরে রাখা না হবে তখন 'ওয়েট ফ্লোর' সেইফটি সাইন প্রদর্শন।
গরম বা ক্ষতিকারক জিনিসপত্র	দুর্ঘটনার সাধারণ কারণ হলো যন্ত্রপাতির নিম্নমানের রক্ষণাবেক্ষণ (ছিদ্র হওয়া), পরিষ্কার করার বিপদজনক দ্রব্য নির্গত হওয়া এবং ভাজার পাত্র পরিষ্কার করার সময় গরম তেল।	নিরাপদ পরিষ্কার ব্যবস্থা ও তেল নির্গত হবার বাস্তব ব্যবস্থা। বিশেষ সংস্কার ও স্টীম প্লান্ট ও বাসনকোসন ধোঁয়ার মেশিনগুলো পরীক্ষা করা।
বৈদ্যুতিক আঘাত	প্লাগ বা ক্যাবলে ত্রুটি এবং গরম ফুড ট্রেলির নিম্নমানের রক্ষণাবেক্ষণ দুর্ঘটনার সাধারণ কারণ।	নিয়মিত পরীক্ষা ও পরিদর্শন করা (টেবিল 2 দেখুন)
আগুন এবং বিস্ফোরণ	মোটামুটি এ ধরনের সকল দুর্ঘটনার জন্য গ্যাস যন্ত্রপাতির খুব কম বা একেবারে রক্ষণাবেক্ষণ না করাই মূল কারণ।	যোগ্য ব্যক্তি দ্বারা যন্ত্রপাতির নিয়মিত পরিদর্শন ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। আগুন প্রতিরোধে সাহায্যের জন্য ধূলি এবং ভেন্টিলেশন ফিল্টারের ময়লা অপসারণ ও নল পরিষ্কার করা।
মেশিনারী দুর্ঘটনা	অধিকাংশ মেশিনারী দুর্ঘটনার কারণ হলো সঠিকভাবে পরিষ্কার না করা এবং স্লাইসিং মেশিনের পুনঃসংযোজন ও গার্ডগুলোর কম রক্ষণাবেক্ষণ।	পরিষ্কার, সংযোজন এবং পরীক্ষণ পদ্ধতির জন্য অপারেটরদের প্রশিক্ষণ; রেগুলার চেক (উদাহরণস্বরূপ, প্রতিদিন গার্ড পরিদর্শন) এবং সংস্কার প্রয়োজন।

## রক্ষনাবেক্ষনের ব্যবস্থা

জায়গা ও যন্ত্রপাতি যদি ক্যাটারের নিজস্ব না হয়। যেমন স্কুলে কন্ট্রাক্ট ক্যাটারিং, আসলে যারই রক্ষনাবেক্ষনের দায়িত্ব থাক না কেন, অবশ্যই দুই পক্ষের মধ্যে পরিস্কারভাবে এ ব্যাপারে ঐক্যমত থাকতে হবে।

কোন ক্ষেত্রে, যেমন ইলেকট্রিক্যাল এবং গ্যাস সিস্টেমের কাজে, এই কাজ করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তির প্রশিক্ষণ ও যোগ্যতা সম্পর্কিত নির্দিষ্ট আইনগত চাহিদা রয়েছে।

রক্ষনাবেক্ষন কাজ চলাকালে ক্যাটারার এবং রক্ষনাবেক্ষন কন্ট্রাক্টর উভয়ের নিরাপত্তা সংক্রান্ত দায়িত্ব রয়েছে। ক্যাটারারকে এই মর্মে নিশ্চয়তা দিতে হবে যে, কাজের জন্য যন্ত্রপাতি নিরাপদ, যেমন, চতুর্দিকের জায়গা পরিস্কার করে রাখার মাধ্যমে।

কর্মচারীরা যে কাজের নিরাপদ সিস্টেম ধরতে পেরেছে এবং তারা যে নিরাপদ কাজের উপযোগি করে যন্ত্রপাতি জায়গা রেখে যাবে কন্ট্রাক্টরকে নিশ্চিত করতে হবে।

রক্ষনাবেক্ষন কর্মসূচি গ্রহণ করার সময়, ক্যাটারারগণ যন্ত্রপাতি বা বিল্ডিং কাঠামো রক্ষনাবেক্ষনের জিনিসপত্র, প্রয়োজনীয় সঠিক কাজ, রক্ষনাবেক্ষনের সময়সূচি এবং যে লোক ঐ কাজ করার জন্য একজন যোগ্য লোকের ব্যবস্থা করবেন।

সকল কাজের হেলথ এন্ড সেইফটি ঝুঁকি নির্ণয়ের বিষয়টি প্রাথমিক প্রস্তুতির ক্ষেত্রে কার্যকরভাবে যুক্ত হতে পারে।

## রক্ষনাবেক্ষনের ধরণ

পাঁচ ধরনের রক্ষনাবেক্ষন কাজ রয়েছেঃ

- ◆ পরিস্কার;
- ◆ ওয়্যার, টিয়ার বা ড্যামেজ চিহ্নিত করার জন্য নিয়মিত চেক;
- ◆ পরিকল্পিত রক্ষনাবেক্ষন;
- ◆ ভাঙাচোরা রক্ষনাবেক্ষন; এবং
- ◆ পরিদর্শন ও পরীক্ষা।

## পরিস্কার — পরিচ্ছন্নতা

সকল ক্যাটারিং ব্যবসায় পরিস্কার — পরিচ্ছন্নতা একটি প্রয়োজনীয় কাজ। ইন্ডাস্ট্রি গাইডেন্স যেমন ইন্ডাস্ট্রি গাইড টু গুড হাইজিন প্র্যাক্টিস এই লিফলেটের শেষে আরো পড়া সংক্রান্ত সেকশন দেখুন) —তে ফুড হাইজিন সম্পর্কে কিছু পরামর্শ দেয়া হয়েছে। নিম্নোক্ত পদক্ষেপগুলো স্টাফের আঘাত বা অসুস্থতা রোধের জন্য গুরুত্বপূর্ণঃ

- ◆ পরিস্কার পরিচ্ছন্নতার নিরাপদ পদ্ধতি অবলম্বন;
- ◆ পরিস্কার করার সামগ্রীর নিরাপদ ব্যবহারের ক্ষেত্রে বিশেষ দৃষ্টি দেয়া;
- ◆ স্টাফকে প্রশিক্ষিত ও তত্ত্বাবধান করা;
- ◆ তাৎক্ষণিক মেবের ছিটকে পড়া তরল পদার্থ পরিস্কার করা;
- ◆ মেঝেগুলো ডিটারজেন্ট দিয়ে ধুয়া; এবং
- ◆ ভেজা অবস্থায় পরিস্কারের পরপরই মেঝে শুকিয়ে ফেলা এবং বা যদি এটা সম্ভব না হয়, তাহলে একটি ‘ওয়েট ফ্লোর’ সাইন লাগিয়ে দেয়া।

## নিয়মিত পরীক্ষা

ওয়্যার, টিয়ার এবং ড্যামেজ আছে কিনা তা দেখার জন্য যা প্রতিদিন পরীক্ষণীয়।

- ◆ মেশিনের আবরণগুলো;
- ◆ গ্যাস যন্ত্রপাতি নিয়ন্ত্রণ;
- ◆ ইলেকট্রিক্যাল প্লাগ এবং ক্যাবলগুলো;
- ◆ ভেন্টিলেশন সিস্টেম ; এবং
- ◆ মেঝেতে ছিদ্র হবার জন্য দায়ী যন্ত্রপাতি।

কি খেয়াল রাখতে হবে, কি পরিদর্শনের প্রয়োজন এবং কিভাবে ত্রুটি সম্পর্কে রিপোর্ট করবে সেজন্য স্টাফকে ট্রেনিং দেয়া প্রয়োজন।

## পরিকল্পিত রক্ষনাবেক্ষন

যন্ত্রপাতি অব্যাহত নিরাপদ অপারেশন নিশ্চিত করার জন্য এগুলোর নিয়মিত সার্ভিস করানো প্রয়োজন। এগুলো সঠিকভাবে যোগ্যতাসম্পন্ন সার্ভিস ইঞ্জিনিয়ারের মতো যোগ্য ব্যক্তি দ্বারা অবশ্যই এ কাজগুলো করতে হবে।

## ভাঙাচোড়া রক্ষনাবেক্ষন

নিরাপদ-জটিল সংস্কার অবশ্যই সঠিক যন্ত্রপাতি ব্যবহার করে একমাত্র যোগ্য ব্যক্তি দ্বারা করতে হবে কোন যন্ত্রপাতি ব্যবহারের জন্য পুনরায় ফিরিয়ে নেবার পূর্বে ইহার কর্মক্ষমতা ও নিরাপত্তা সম্পর্কিত পরীক্ষা করানো গুরুত্ববহ। মাঝারি মানের সাময়িক সংস্কারকৃত যন্ত্রপাতি অবশ্যই ব্যবহার করা উচিত নয়; এগুলো দুর্ঘটনা কারণ হতে পারে এবং এরফলে হেলথ এন্ড সেইফটি আইনের বরখোলাপ হবে।

## পরিদর্শন এবং পরীক্ষা

স্টিম ও প্রেশার যন্ত্রপাতি বা উত্তোলকের মত যন্ত্রপাতির পর্যায়ক্রমিক সম্পূর্ণ পরীক্ষার আইনগত প্রয়োজনীয়তা রয়েছে।

এগুলো বা অন্য যন্ত্রপাতির পরিপূর্ণ পরীক্ষা, পরিদর্শন ও টেস্ট ইন্টারভেলের জন্য টেবিল 2 দেখুন। পরীক্ষা এবং টেস্ট একজন যোগ্য ব্যক্তির মাধ্যমে করতে হবে। ইঞ্জিনিয়ারিং ইন্সপেকশন কোম্পানীগুলোকে মূলতঃ স্টিম, প্রেশার প্লান্ট, উত্তোলক, ইত্যাদির জন্য, এবং কোরগি একরিডিটেড ইঞ্জিনিয়ারদের গ্যাস যন্ত্রপাতির জন্য ব্যবহার করা হয়, ফ্যাক্টরিগুলোতে করগি একরিডিশন ব্যবহারের মাধ্যমে বর্তমানে যোগ্যতা যে আইনগত চাহিদা নয় তা প্রমাণ করা।

প্রভিশন এবং ওয়ার্ক ইকুইপমেন্ট রেগুলেশন 1998 —এর ব্যবহারের ক্ষেত্রে কতিপয় পরিস্থিতিতে যন্ত্রপাতির ইন্সপেকশনের বিশেষ প্রয়োজনীয়তা রয়েছে। সাধারণভাবে, এই নতুন চাহিদা অনেক ধরনের ক্যাটারিং যন্ত্রপাতির ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যেগুলোর জন্য যথাযথ রক্ষনাবেক্ষন পদ্ধতিই পর্যাপ্ত।

## ফুড সেইফটি

আপনি যখন কোন ক্যাটারিং যন্ত্রপাতি নির্ধারণ, সংযোগ, ব্যবহার, রক্ষনাবেক্ষন ও পরিস্কার করবেন, তখন আপনাকে অবশ্যই ফুড সেইফটি বাস্তবায়নের বিষয়টি চিন্তা করতে হবে। আপনারা লোকান এনভায়রনমেন্টাল হেলথ অফিসার (ইএইচও) আপনাকে ও ব্যাপারে পরামর্শ দিতে পারবেন।

টেবিল 2পরিপূর্ণ পরীক্ষা ও নির্দিষ্ট সময় পর পরীক্ষা

যন্ত্রপাতি	অনুমোদিত পরিদর্শন সময়
গ্যাস যন্ত্রপাতি	12 মাস
প্রেশার কুকার, প্রেশার ফ্রাইয়ার, স্টিম প্যানস্, স্টিম পাইপ, ওয়াটার বয়লার এবং অন্যান্য বাষ্প উৎপন্নকারী প্রেশার প্লান্ট।	যোগ্য ব্যক্তি দ্বারা নির্ধারিত নিয়মাবলি পরীক্ষার লিখিত স্কীম।
ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (হোটেল, বড় ধরনের ঝুঁকিপূর্ণ এলাকা যেমন কিচেন ছাড়া)।	বহনযোগ্যঃ <ol style="list-style-type: none"><li>ব্যবহারকারীকে ব্যবহারের পূর্বে যন্ত্রপাতির বাইরের অংশ এবং ইহার লিড ও প্লাগ ত্রুটিপূর্ণ কিনা পরীক্ষা করতে হবে।</li><li>6-12 মাসের মধ্যে নিয়মতান্ত্রিক চাক্ফস পরিদর্শন;</li><li>1-15 বছরের মধ্যে সমন্বিত পরিদর্শন ও পরীক্ষা।</li></ol>
ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (কিচেনের মধ্যে)	স্থায়ীঃ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারদের ইনস্টিটিউট (আইইই) কর্তৃক অনুমোদিত 4 বছর অন্তর পরিদর্শন ও পরীক্ষা।  উন্নত পরিবেশের চাহিদা বিবেচনায়, আইইইই কিচেনের ক্যাটারিং ইকুইপমেন্ট ঘন ঘন পরিদর্শনের বিষয় অনুমোদন করে।  উদাহরণস্বরূপ, যদি বহনযোগ্য হয়ঃ <ol style="list-style-type: none"><li>1 মাস অন্তর নিয়মতান্ত্রিক পরিদর্শন;</li><li>6 মাস অন্তর সমন্বিত পরিদর্শন ও পরীক্ষা।</li></ol> এই সারসংক্ষেপ টেবিলের বিষয় ছাড়াও এ ব্যাপারে আরো বিস্তারিত জানার রয়েছে, এবং আপনি যোগ্য ইলেকট্রিসিয়ানের কাছ থেকে পরামর্শ নিতে পারবেন। সকল ধরনের সংযোগ কাজই হলো ভিন্ন ভিন্ন এবং প্রাথমিক ফলাফলের ভিত্তিতে পরিদর্শনের সময় কমানো যেতে পারে।
ইলেকট্রিক্যাল সার্কিট	যোগ্য ইলেকট্রিসিয়ান কর্তৃক পরামর্শ ক্রমে
লিফটিং যন্ত্রপাতি, যেমন উত্তোলক ও লিফট (লিফটিং অপারেশন এন্ড লিফটিং ইকুইপমেন্ট রেগুলেশন 1998 ফায়ার এলার্ম ফায়ার/ফাইটিং যন্ত্রপাতি	সংযোগ করার পর এবং তারপর কমপক্ষে 6 মাসের মধ্যে যদি ইহা শুধু লোকজন বহন করে থাকে, অন্যথায় 12 মাস; বা একজন যোগ্য ব্যক্তি কর্তৃক প্রনীত পরীক্ষা করার স্কীম অনুযায়ী।  ফায়ার অথরিটির পরামর্শ অনুযায়ী। সাপ্তাহিক এলার্ম পরীক্ষা সহ অগ্নিনির্বাপক যন্ত্রপাতি ও এলার্ম যন্ত্রপাতি বার্ষিক রক্ষনাবেক্ষন।
আরো জানতে হলে পড়ুন	
মেমোরেন্ডাম অব গাইডেন্স অন দ্যা ইলেক্ট্রিসিটি এ্যাট ওয়ার্ক রেগুলেশন 1989 এইচএসআর25 এইচ বুক্ 1989 আইএসবিএন 07176 1602 9	সেইফ ইউজ ওয়ার্ক ইকুইপমেন্ট। প্রভিশন এন্ড ইউজ অব ওয়ার্ক ইকুইপমেন্ট রেগুলেশন 1998 এ্যাপ্রোভড কোড অব প্র্যাক্টিস এন্ড গাইডেন্স এল 22 এইচএসই বুক্ 1998 আইএসবিএন 0 7176 1626 6
সেইফটি ইন দ্যা ইনস্টল্যাশন এন্ড ইউজ অব গ্যাস সিস্টেম্ এন্ড এমপ্লায়েপেস। গ্যাস সেইফটি (ইস্টল্যাশন এন্ড ইউজ) রেগুলেশন 1998 এ্যাপ্রোভড কোড অব প্র্যাক্টিস এন্ড গাইডেন্স এল 56 এইচএসই বুক্ 1998 আইএসবিএন 0 7176 1635 5	মেইনটেইনিং পোর্টেবল এন্ড ট্রানপোর্টেবল ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট এইচএসজি 107 এইচএসই বুক্ 1994 আইএসবিএন 07176 0715 1

ইন্ডাস্ট্রি গাইড টু গুড হাইজিন প্রাক্টিসঃ ক্যাটারিং গাইড 1998  
আইএসবিএন 0 900 103 00 0 মূল্য পরিশোধ করে Chadwick  
House Group Ltd., Chadwick Court, 15 Hatfields, London  
SE1 8 DJ, টেলিঃ 020 7827 5882 থেকে পাওয়া যাবে।

সেইফটি অব প্রেশার সিস্টেম । প্রেশার সিস্টেমস্ সেইফটি রেগুলেশন 2000  
এ্যাপ্রোভড কোড অব প্রাক্টিস এল 122 এইচএসই বুক্ 2000  
আইএসবিএন 07176 1767 এক্স 2000 সালের মে মাসে প্রকাশিত হবে।

সেইফ ইউজ অব লিফ্টিং ইকুইপমেন্ট । লিফ্টিং অপারেশন এন্ড লিফ্টিং  
ইকুইপমেন্ট রেগুলেশন 1998 কোড অব প্রাক্টিস এন্ড গাইডেন্স এল 113  
এইচএসই বুক্ 1998 আইএসবিএন 0 7176 1628 2

#### এইচএসই ফ্রি লিফলেট

মেইনটেইনিং পোর্টেবল ইলেক্ট্রিক্যাল ইকুইপমেন্ট ইন হোটেল এন্ড ট্যুরিস্ট  
একোমোডেশন আইএনডিজি 237 এইচএসই বুক্ 1996.

স্মিপলস্ এন্ড ট্রিঙ্গঃ সামারি গাইডেন্স ফর দ্যা ক্যাটারিং ইন্ডাস্ট্রি সিএআইএস  
6 এইচএসই বুক্ 1996

হারিয়ারিং এন্ড লিজিং আউট অব প্লান্টঃ এপ্লিকেশন অব পুয়ার 98, রেগুলেশন  
26 এন্ড 27 এমআইএসসি156 এইচএসই বুক্ 1998.

এই প্রকাশনার তালিকাভুক্ত রেফারেন্সগুলোর যথার্থতা নিশ্চিত করার সকল  
ধরনের সামর্থ প্রদান করা হয়েছে, কিন্তু ভবিষ্যতে এগুলোর প্রাপ্যতা সম্পর্কে  
নিশ্চিত দেয়া যায় না।

HSE Books, PO. Box 1999, Sudbury, Suffolk, CO10 2WA ,  
টেলিঃ 01787 881165, ফ্যাক্সঃ 01787 313995 এই ঠিকানা থেকে  
মূল্য দিয়ে এবং বিনা মূল্যে পাওয়া যাবে। এগুলো আবার এইচএসই বুক্  
ওয়েবসাইট থেকেও সংগ্রহ করা যায় website:www.hsebooks.co.uk

নামী বইয়ের দোকান থেকেও এইচএসই কর্তৃক প্রকাশনা কিনতে পাওয়া যাবে।

অন্যান্য তথ্যের জন্য এইচএসই-এর ইনফোলাইনের টেলিঃ 08701 545500  
নাম্বারে ফোন করুন অথবা HSE Information Centre, Borad Lane,  
Shefiled S3 7HQ এই লিখুন।  
website:www.hse.gov.uk

এই লিফলেটে ভালভাবে প্রাক্টিস্ সম্পর্কে নোট রয়েছে, যা  
বাধ্যবাধকতা মূলক নয়, কিন্তু আপনার কি করা প্রয়োজন তা বেছে  
নেবার ক্ষেত্রে সহায়ক হবে।

এই প্রকাশনা সম্ভবতঃ বিনামূল্যে বিতরণের জন্য পুনঃপ্রকাশিত হবে, বিজ্ঞাপন,  
এনডোরস্মেন্ট বা বিক্রি করার বিষয় ছাড়া। এতে যে ইনফরমেশন রয়েছে তা  
হলো 3/00 -এর। তাই সূত্র হিসেবে এইচএসই-এর কাছে কৃতজ্ঞ।